দৈনিক ইত্তেফাক
তারিখ ২৪ DEC 1988
পৃষ্ঠা ২ কলাম ৩

৪৭

# স্বায়ত্তশাসিত কম্পিউটার কাউন্সিল

( ইত্তেফাক রিপোর্ট )

জাতীয় কম্পিউটার বোর্ডকে স্বায়ত্তশাসিত সংস্থা হিসাবে পুনর্গঠনের জন্য গতকাল (শনিবার) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(২য় পৃঃ দ্রঃ)

## কম্পিউটার কাউন্সিল

(১ম পৃঃ পর)

অধ্যাদেশ স্বাক্ষরিত হইয়াছে।

প্রেসিডেন্টের কম্পিউটার উপদেষ্টা ডঃ এম রফিকুজ্জামান গতকাল সন্ধ্যায় মোহাম্মদপুর কম্পিউটার রোড দফতরে সাংবাদিকদের জানান, কাউন্সিল কম্পিউটার প্রসারে পরামর্শ ও প্রশিক্ষণ দান করিবে; কিন্তু নিয়ন্ত্রণকারী ভূমিকায় অবতীর্ণ হইবে না। হাইস্কুল পর্যায়ে ঐচ্ছিক বিষয় হিসাবে কম্পিউটার কোর্স প্রবর্তনের সিদ্ধান্ত হইয়াছে। বোর্ডের বর্তমান পরিচালক কর্ণেল (অবঃ) আজিজুর রহমানও সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।

নয়া কম্পিউটার কাউন্সিলে সার্বক্ষণিক চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক ছাড়াও ভার্সিটির ভিসিবর্গ, কম্পিউটারের সহিত সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকিবেন। প্রেসিডেন্টের বিশেষ উপদেষ্টা যুক্তরাষ্ট্রে তাঁহার পেশাগত অবস্থানের অবকাশে বৎসরে অন্ততঃ চারিবার কাউন্সিলের কার্যক্রম দেখার জন্য দেশে আসিবেন।

আগামী ৫ বৎসরের মধ্যে দেশে কম্পিউটারের সংখ্যা ৪ গুণ বৃদ্ধি, পিসির সংখ্যা ২০ হাজারে প্রসার, উপজেলা পর্যন্ত সরকারী প্রশাসনে কম্পিউটার প্রচলনের পূর্বাভাস দিয়া উপদেষ্টা জানান, এ প্রসারের যুগে সামঞ্জস্য রক্ষার জন্য কাউন্সিল সফটওয়্যার ও হার্ডওয়্যারের ক্ষেত্রে জাতীয় পরিসরে ষ্ট্যাণ্ডার্ডাইজেশনের চেষ্টা চালাইবে। কম্পিউটার ব্যবহারকারী সংস্থার লোকজনকে প্রশিক্ষণদানের জন্য মোহাম্মদপুর জাতীয় কম্পিউটার বোর্ড কার্যালয়ে প্রশিক্ষণ কেন্দ্র খোলা হইবে।

ডঃ এম রফিকুজ্জামান বিশ্বব্যাপী কম্পিউটারের অগ্রগতি সম্পর্কে জানান, দুই প্লপির পার্সোনাল কম্পিউটার যাহার দাম এখন দেশে ৪০ হাজার টাকা, উহার আন্তর্জাতিক দর ২ বৎসরের মধ্যে ১৫০ ডলারে নামিয়া আসিবে। ১২ হাজার রুপীর ভারতীয় পিসি প্রতিযোগিতায় সমর্থ হইলে বাংলাদেশেও বাজার পাইবে বলিয়া তাঁহারা জানান। ২৯শে ডিসেম্বর লসএঞ্জেলস ফিরিয়া যাইবার আগে প্রফেসর এম রফিকুজ্জামান কম্পিউটার প্রসারের অবস্থা দেখার জন্য চট্টগ্রাম বন্দর পরিদর্শনে যাইবেন।